বণিক বার্তা

# বিশ্ব শিক্ষক দিবস উত্তরা ইউনিভার্সিটিতে শিক্ষকদের সম্মাননা প্রদান

বুধবার, ৮ অক্টোবর, ২০২৫

প্রকাশ: সোমবার ৬ অক্টোবর ২০২৫




শিক্ষকরা শুধু পাঠদানের মাধ্যমে নয়, তাদের জ্ঞান, নৈতিকতা ও মানবিকতা দিয়ে সমাজ গঠনে অনন্য ভূমিকা রাখেন।

বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে উত্তরা ইউনিভার্সিটিতে এক বর্ণাঢ্য সেমিনার ও সম্মাননা প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শিক্ষকতার মহৎ পেশায় দীর্ঘ ২০ বছর ধরে নিষ্ঠা, আন্তরিকতা ও

সাফল্যের সঙ্গে শিক্ষার্থীদের জ্ঞান ও প্রেরণা দেয়ায় বিশ্ববিদ্যালয়ের ১০ জন শিক্ষককে বিশেষ সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সম্মাননা প্রাপ্ত শিক্ষকদের হাতে ক্রেস্ট তুলে দেন ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা। তিনি বলেন, শিক্ষকরা শুধু পাঠদানের মাধ্যমে নয়, বরং তারা জ্ঞান, নৈতিকতা ও মানবিকতা দিয়ে সমাজ গঠনে অনন্য ভূমিকা রাখেন। উত্তরা ইউনিভার্সিটির সাফল্যের মূলে রয়েছে শিক্ষক সমাজের ঐকান্তিক প্রচেষ্টা ও একনিষ্ঠ পরিশ্রম। তাদের শিক্ষাদান, গবেষণা ও মূল্যবোধের চর্চাই শিক্ষার্থীদের মধ্যে সৃজনশীলতা, নেতৃত্ব ও মানবিকতা জাগ্রত করছে।

অনুষ্ঠানে দীর্ঘদিনের শিক্ষকতার অভিজ্ঞতা তুলে ধরে দুজন শিক্ষক তাদের অনুভূতি ব্যক্ত করেন। তারা বলেন, উত্তরা ইউনিভার্সিটি শুধু কর্মক্ষেত্র নয়, এটি আমাদের দ্বিতীয় পরিবার। এখানে শিক্ষক হিসেবে কাজ করা মানে তরুণ প্রজন্মের ভবিষ্যৎ নির্মাণে অংশ নেয়া।

অনুষ্ঠানটি আনন্দঘন করতে শিক্ষকদের জন্য র‍্যাফেল ড্রয়ের আয়োজন করা হয়। অনুষ্ঠানের সার্বিক সহযোগিতায় ছিলো উত্তরা ইউনিভার্সিটির ব্র্যান্ড অ্যান্ড কমিউনিকেশন অফিস ও পাবলিক রিলেশন অফিস।

অনুষ্ঠানে ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, প্রফেসর, শিক্ষক, রেজিস্ট্রার ও প্রশাসনিক কর্মকর্তারা। -বিজ্ঞপ্তি